# Times Today BD

আলী হায়দার | ঢাকা | 28 April, 2025

কিশোরগঞ্জের তিন উপজেলা অষ্টগ্রাম, মিঠামইন এবং কটিয়াদীতে বজ্রপাতে এক নারীসহ চার জনের মৃত্যু হয়েসোমবার সকাল থেকে দুপুর পর্যন্ত জেলার অষ্টগ্রাম, মিঠামইন ও কটিয়াদী উপজেলায় বিভিন্ন হাওরে এসব বজ্রপাতের ঘটনায় তাদের মৃত্যু হয়।

নিহতরা হলেন, অষ্টগ্রাম উপজেলার কলমা ইউনিয়নের হালালপুর গ্রামের মৃত যতিন্দ দাসের ছেলে ইন্দ্রজিত দাস (৩০) ও খয়েরপুর আব্দুল্লাপুর ইউনিয়নের খয়েরপুর গ্রামের ইদ্রিস মিয়ার ছেলে স্বাধীন মিয়া (১৪)।মিঠামইন উপজেলার কেওয়ারজোর ইউনিয়নের রানীগঞ্জ গ্রামের মৃত আশ্রাব আলীর স্ত্রী ফুলেছা বেগম (৬০)।এছাড়াও কটিয়াদী উপজেলার মুমুরদিয়া ইউনিয়নের ধনকিপাড়া গ্রামের বাসিন্দা আবু মিয়ার ছেলে শাহজাহান মিয়া (৪৫)।

অষ্টগ্রাম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রুহুল আমিন জানান, ইন্দ্রজিত দাস সকালে হালালপুর গ্রামের পাশে হাওরে ধান কাটার সময় বজ্রপাতে আক্রান্ত হয়ে ঘটনাস্থলে মারা যায়।অপরদিকে স্বাধীন মিয়া খয়েরপুরের হাওরে ধান কাটার সময় বজ্রপাতে ঘটনাস্থলে মারা যায়।

মিঠামইন থানার উপ-পরিদর্শক (এসআই) অর্পণ বিশ্বাস জানান, সোমবার সকালে মিঠামইন উপজেলার কেওয়ারজোর ইউনিয়নের রানীগঞ্জ গ্রামে বাড়ির পাশে খলায় ধানের কাজ করার সময় ফুলেছা বেগম নামে এক নারী বজ্রপাতে আক্রান্ত হয়ে মারা গেছে।

কটিয়াদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তরিকুল ইসলাম জানান, আজ দুপুরে মুমুরদিয়া ইউনিয়নের পূর্ব বধিয়া বিলে মাছ ধরতে গিয়ে শাহজাহান নামে এক জেলে বজ্রপাতে আক্রান্ত হয়ে ঘটনাস্থলেই মারা যান।পরে খবর পেয়ে স্থানীয়রা গিয়ে তার মরদেহ উদ্ধার করে।

বজ্রপাত মৃত্যু কিশোরগঞ্জ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:55

URL: https://www.timestodaybd.com/dhaka/7758071573